



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২১২

তারিখঃ

০৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২১ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৪৫ তম কমিশন সভা গত ২১/১০/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, eGeneration Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১.৫০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৫.০০ (পনের) কোটি টাকা পুঁজি উত্তোলন করে অফিস এর জন্য বাণিজ্যিক স্পেস ক্রয়, ঋণ পরিশোধ, ডিজিটাল হেলথকেয়ার প্ল্যাটফর্ম উন্নয়ন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০১৯ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভালু (NAV without revaluation) টাকা ২০.৫৬ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.৮২। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহণ শুরু হতে পূর্ববর্তী পঞ্চম কার্য দিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশনফান্ড এবং স্বীকৃত প্রতিভেডফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যূনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে চাঁদা গ্রহণের তারিখ জানুয়ারি, ২০২১ সময়ে নির্ধারিত হবে।

০২. কমিশন সভায় Energypac Power Generation Ltd এর ১৫০ (একশত পঞ্চাশ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ৪০,২৯৩,৫৬৬ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। ৪০,২৯৩,৫৬৬ টি সাধারণ শেয়ারের মধ্যে ২০,১৪৬,৭৬৬ টি সাধারণ শেয়ার নিজ নিজ বিডিং মূল্যে উপযুক্ত বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের Electronic Subscription System এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানির শেয়ারের প্রান্ত সীমা (Cut-off) মূল্য ৩৫/- (পঁয়ত্রিশ) টাকায় নির্ধারিত হয়। অবশিষ্ট ২০,১৪৬,৮০০ টি সাধারণ শেয়ার ৩১/- (একত্রিশ) টাকা মূল্যে (প্রান্ত সীমা থেকে ১০% বাটায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বিনিয়োগকারীসহ) নিকট ইস্যু করা হবে। এই IPO এর মাধ্যমে ১৫০/- (একশত পঞ্চাশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং আইপিও খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০১৯ সালের সমাপ্ত বছরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন সঞ্চিতিসহ নীট সম্পদ মূল্য (NAV with revaluation reserve) ৪৫.১৫ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ৩০.২০ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের অর্থ বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ২.২১ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investments Limited.

P. U. M.

চলমান পাতা ১/২

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



উল্লেখ্য, যে সকল উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) ৬০/-টাকার উর্ধ্বে বিডিং করেছে, সে সকল উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors)-কে কমিশনের Directive No. BSEC/CMRRCD/2009-193/204, Date: 20 February, 2018 অনুযায়ী বিডিং করেছে কিনা সে বিষয়ে ব্যাখ্যা তলবের সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও কমিশন সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, Walton Hi-Tech Industries Limited সহ পরবর্তী অন্যান্য সকল প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এর বিডিং ক্ষেত্রে কোন উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) কমিশনের Directive No. BSEC/CMRRCD/2009-193/204, Date: 20 February, 2018 মোতাবেক বিডিং করেছে কিনা সে বিষয়ে ব্যাখ্যা তলব করা হবে এবং ব্যাখ্যা সন্তোষজনক না হলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩. এপোলো ইম্পাত কমপ্লেক্স লি: এর পরিচালক Art International Ltd. (Represented by Mr. Momtazur Rahman) এবং Jupitar Business Ltd (Represented by Mr. Mosfequr Rahman) যথাক্রমে ৮,৮৮,০০০ টি এবং ৮,৯১,০০০ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়া বিক্রি করেছেন। বর্ণিত কর্মকান্ডের মাধ্যমে কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 ভঙ্গের দায়ে Art International Ltd. কে ১০ (দশ) লক্ষ এবং Jupitar Business Ltd কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করা হল।


২১-১০-২০২০
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র